CENTRAL LIBRARY N.C.COLLEGE

**2023/TDC(CBCS)/EVEN/SEM/
BNGDSC/GE–401T/173**

**TDC (CBCS) Even Semester Exam., 2023**

BENGALI

**( 4th Semester )**

Course No. : BNGDSC/GE–401T

**( বিশ শতকের বাংলা সাহিত্য—১ )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো কুড়িটি) : ১×২০=২০

১। নজরুলের জন্মস্থান কোথায়?

২। 'সঞ্চিতা' কাব্যগ্রন্থ কত সালে প্রকাশিত হয়েছে?

৩। ''হাস্‌ল শিশির দুব্ ঘাসে''
'দুব্ ঘাসে'র অর্থ কী?

৪। ব্রজের গোপাল কে?

৫। 'কন্দর' শব্দের অর্থ কী?

৬। কুবেরের পিতার নাম কী?

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৭। কোন্ গ্রামে কপিলার বিয়ে হয়েছিল?

৮। কুবেরের মেয়ের নাম কী?

৯। হোসেন মিঞার বাড়ি কোথায় ছিল?

১০। কপিলার স্বামীর নাম কী?

১১। 'সাজাহান' নাটকটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

১২। সাজাহানের কনিষ্ঠ পুত্রের নাম কী?

১৩। নাদিরা কার স্ত্রী?

১৪। জয়সিংহ সুজাকে কার পত্র দিয়েছিল?

১৫। 'সাজাহান' নাটকের প্রথম দৃশ্যে কোন্ স্থানের উল্লেখ আছে?

১৬। গফুর জোলার বাড়ি কোথায় ছিল?

১৭। 'পুঁইমাচা' গল্পের সূচনায় কোন্ ঋতুর উল্লেখ আছে?

১৮। তারিণী মাঝি কোন্ ঘাটের খেয়ামাঝি?

১৯। 'ফসিল' গল্পে রাজার অত্যাচারে কোন্ উপজাতি অঞ্জনগড় ছেড়ে চলে গিয়েছিল?

২০। 'মহেশ' গল্পে তর্করত্ন কে?

২১। মধুসূদন দত্ত কোন্ কলেজের ছাত্র ছিলেন?

২২। 'ক্যাপটিভ লেডি' গ্রন্থটির রচয়িতা কে?

২৩। 'শ্রী মধুসূদন' নাটকটি কে রচনা করেছেন?

২৪। জাহ্নবী দেবী কে ছিলেন?

২৫। মধুসূদন দত্তের বন্ধু গৌরদাস বসাকের পিতার নাম কী ছিল?





## SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো **পাঁচটি**) : ২×৫=১০

২৬। নজরুলকে কোন্ বিশেষ অভিধায় আখ্যায়িত করা হয়? 'সঞ্চিতা' কাব্যগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছে?

২৭। 'মানুষ' কবিতায় মুসাফিরের বয়স কত? মুসাফির কতদিন ধরে উপোস ছিল?

২৮। 'পদ্মানদীর মাঝি' উপন্যাস ছাড়া মানিক বন্দ্যোপাধ্যায়ের যে কোনো দুটি উপন্যাসের নাম লেখো।

২৯। কুবের ছাড়া কেতুপুর গ্রামের দুজন মাঝির নাম লেখো।

৩০। সম্রাট সাজাহানের যে কোনো দুজন পুত্রের নাম লেখো।

৩১। ঔরঙ্গজেবের ছেলের নাম কী? তাকে কোথায় বন্দী করে রাখা হয়েছিল?

৩২। সহায়হরির বড়ো ও ছোটো মেয়ের নাম কী?

৩৩। অঞ্জনগড়ে কী কী শস্য ফলত?

৩৪। বনফুল কোন্ লেখকের ছদ্মনাম? মধুসূদন দত্ত ছাড়া তিনি আর কাকে নিয়ে নাটক রচনা করেছেন?

৩৫। মধুসূদন দত্ত কত খ্রিষ্টাব্দে কোথায় জন্মগ্রহণ করেন?

## SECTION—C

যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৩৬। ''গাহি সাম্যের গান—
যেখানে আসিয়া এক হ'য়ে গেছে সব বাধা-ব্যবধান।''
'সাম্যবাদী' কবিতার আলোকে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৩৭। 'জীবনবন্দনা' কবিতায় নজরুল ইসলাম জীবনের জয়গান করেছেন—আলোচনা করো।

৩৮। 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

৩৯। " 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সবচেয়ে নাটকীয়, শক্তিশালী ও রহস্যময় চরিত্র হোসেন মিঞা।" আলোচনা করো।

৪০। 'সাজাহান' নাটকটি ট্র্যাজেডি নাটক হিসেবে সার্থক—পর্যালোচনা করো।

৪১। 'সাজাহান' নাটকে জাহানারা চরিত্রে যে বলিষ্ঠ ব্যক্তিত্বের পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

৪২। 'তারিণী মাঝি' গল্প অবলম্বনে তারিণী মাঝি চরিত্রটি বিশ্লেষণ করো।

৪৩। 'ফসিল' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

৪৪। 'শ্রী মধুসূদন' নাটক অবলম্বনে মধুসূদন দত্তের চারিত্রিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৪৫। 'শ্রী মধুসূদন' নাটক অবলম্বনে মধুসূদনের পিতার গুরুত্ব ফুটিয়ে তোলো।

* * *